

া সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ৫৭

২/ ঈমান (বিশ্বাস) (کتاب الإيمان)

পরিচ্ছেদঃ ২/৪২ নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর বাণীঃ "দ্বীন হলো কল্যাণ কামনা করা আল্লাহ্'র সম্ভুষ্টির জন্য, তাঁর রসূলের জন্য, মুসলিম নেতৃবূন্দের জন্য এবং সমগ্র মুসলিমের জন্য''।

بَابُ قَوْلِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «الدِّينُ النَّصِيحَةُ لِلَّهِ وَلِرَسُولِهِ وَلأَئِمَّةِ الْمُسْلِمِينَ وَعَامَّتِهمْ»

আরবী

حَدَّثَنَا مُسَدَّدُ، قَالَ حَدَّثَنَا يَحْيَى، عَنْ إِسْمَاعِيلَ، قَالَ حَدَّثَنِي قَيْسُ بْنُ أَبِي حَازِمٍ، عَنْ جَرِيرِ بْنِ عَبْدِ اللَّهِ، قَالَ بَايَعْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم عَلَى إِقَامِ الصَّلاَةِ، وَإِيتَاءِ الزَّكَاةِ، وَالنُّصنْحِ لِكُلِّ مُسْلِمٍ.

বাংলা

وَقَوْلِهِ تَعَالَى)إِذَا نَصنحُوا للهِ وَرَسُولِهِ(

আল্লাহ্ তা'আলার বাণীঃ 'যদি আল্লাহ্ ও তাঁর রাসূলের প্রতি আস্থা রাখে।' (সূরাহ্ আত্-তওবা্ ৯/৯১)

৫৭. জারীর ইবনু 'আবদুল্লাহ্ আল-বাজালী (রাযি.) হতে বর্ণিত। তিনি বলেছেনঃ আমি আল্লাহর রাসূল সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম -এর নিকট বায়'আত গ্রহণ করেছি সালাত কায়িম করার, যাকাত প্রদান করার এবং সমস্ত মুসলিমের মঙ্গল কামনা করার। (৫২৪, ১৪০১, ২১৫৭, ২৭১৪, ২৭১৫, ৭২০৪; মুসলিম ১/২৩ হাঃ ৫৬, আহমাদ ৩২৮১) (আধুনিক প্রকাশনীঃ ৫৫, ইসলামিক ফাউন্ডেশনঃ ৫৫)

English

(42) Chapter: The statement of the Prophet (saws): Religion is An-Nasihah (to be sincere and true) to Allah, to His Messenger (Muhammad (saws)), to the Muslim rulers, and to all the Muslims

Narrated Jarir bin Abdullah:



I gave the pledge of allegiance to Allah's Messenger (ﷺ) for the following:

- 1. offer prayers perfectly
- 2. pay the Zakat (obligatory charity)
- 3. and be sincere and true to every Muslim.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ জারীর ইবনু আবদুল্লাহ আল বাজলী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন